



## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনলাইন আবেদনের কার্যক্রম শুরু



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক সম্মান ও বিবিএ ১ম বর্ষে ভর্তির জন্য গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইনে (<http://admission.jnu.ac.bd>) আবেদনের কার্যক্রম ১৫ নভেম্বর ২০২১-সোমবার উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক শুভ উদ্বোধন করেন।





এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, ইনস্টিটিউটসমূহের পরিচালক, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, পরিচালক(ছাত্র-কল্যাণ), পরিচালক (আইসিটি সেল) সহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য অনলাইনে আবেদনের কার্যক্রম ১৫ নভেম্বর বেলা ১২টা থেকে আগামী ২৫ নভেম্বর ২০২১ তারিখ রাত ১১.৫৯ পর্যন্ত চলমান থাকবে। বিস্তারিত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেয়া আছে।